প্রকল্প পরিচালকের কার্যালয়
রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প
ভেদভেদী, রাঙ্গামাটি - ৪৫০০

স্মারক নং: রাবিপ্রবিস্থাপ্র/সংস্থাপন/জনবল নিয়োগ/২০১৯/৩১১

তারিখ ঃ ০৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর ২০১৯খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত শূন্য (অস্থায়ী) পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল' ২০১৫)	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	হিসাবরক্ষক গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক. প্রার্থীর স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। খ. শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি অথবা ন্যূনতম জিপিএ ২.২৫ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ. বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	০১	অনূর্ধ্ব ৩০ বছর	ক. প্রার্থীর স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। খ. শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণি অথবা ন্যূনতম জিপিএ ২.২৫ এর নিচে গ্রহণযোগ্য নহে। গ. বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। ঘ. বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

(ক) আবেদনের সময়সীমা ঃ

আগ্রহী প্রার্থীদেরকে স্বহস্তে লিখিত আবেদনপত্র **আগামী ১৯/১২/২০১৯ খ্রি: হতে ১৪/০১/২০২০ খ্রি: তারিখ** বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে **"প্রকল্প পরিচালক"** রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প, ভেদভেদী, রাঙ্গামাটি এর বরাবরে সরাসরি বা ডাক/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(খ) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

১। আবেদনকারীকে "প্রকল্প পরিচালক" রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প- এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১-২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা যেকোন রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনাধীন হিসাব নং ০২০০০০৯০২৪৩১৯; **অগ্রণী ব্যাংক লিমিটেড, বনরূপা শাখা, রাঙ্গামাটি**-এ জমা করতে হবে। ফি জমা রশিদটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।
২। সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি।
৩। সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত কপি।
৪। জাতীয় পরিচয় পত্রের (NID) অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
(স্থানীয় পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)
৫। অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতার/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
৭। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অধিবাসীদের ক্ষেত্রে প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

শর্তাবলী ঃ

১। খামের উপর প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
২। প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই করে কেবল প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদেরকে লিখিত/মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য ইন্টারভিউ কার্ড/প্রবেশপত্র ইস্যু করা হবে।
৩। প্রার্থীদের লিখিত/মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) কিংবা উভয়বিধ পরীক্ষা গ্রহণ করা হবে।
৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার সন্তানদের ক্ষেত্রে চাকুরীতে প্রবেশের বয়সসীমা সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য হবে।
৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ঘষামাজা আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল করা হবে।
৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।
৮। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হলেও আবেদনপত্র বাতিল এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১০। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অধিবাসী এবং বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১১। প্রার্থীদের ইন্টারভিউ কার্ড বর্তমান যোগাযোগের ঠিকানায় প্রেরণ করা হবে বিধায় পত্র যোগাযোগের ঠিকানা আবেদনপত্রে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

Chakma
১৮/১২/১৯

প্রফেসর ড. প্রদানেন্দু বিকাশ চাকমা
প্রকল্প পরিচালক
রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ
১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রাবিপ্রবি।
২। সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন), রেজিস্ট্রার অফিস, রাবিপ্রবি।
৩। তথ্য কর্মকর্তা, রাবিপ্রবি (বিজ্ঞপ্তিটি ০২ টি বহুল প্রচারিত স্থানীয় দৈনিক পত্রিকায় পর পর ২ (দুই) দিন প্রচারের জন্য এবং প্রচারের পর সম্পূর্ণ পত্রিকা প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, রাবিপ্রবি (সংযুক্ত বিজ্ঞপ্তিটি যোগ্যতার বিবরণীসহ রাবিপ্রবি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস নথি।